গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন শাখা-৫
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪২.০০.০০০০.০৩৮.২২.০০৭.১৭-১৩৬

তারিখঃ ৩১ বৈশাখ ১৪২৫ / ১৬ মে ২০১৯

বিষয়: অনুমোদিত কার্যবিবরণী প্রেরণ।

বাংলাদেশ পানি আইন, ২০১৩-এর অধীন প্রণীত 'বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮' এর ১৭ নম্বর বিধি অনুযায়ী জেলা, উপজেলা ও ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রস্তুতকৃত ৩টি পৃথক খসড়া গাইডলাইনের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব কবির বিন আনোয়ার এঁর সভাপতিত্বে গত ১৭ এপ্রিল ২০১৯ তারিখ সকাল ১০.০০ টায় এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

০২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

(আফছানা বিলকিস)
উপসচিব
☎৯৫৪০৯৩১
e-mail no: mowrdevelopment5@gmail.com

বিতরণঃ কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
০৮. মহাপরিচালক, হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
০৯. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, মতিঝিল, ঢাকা।
১০. যুগ্মসচিব (উন্নয়ন-০১),পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. যুগ্ম-প্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ৭২ গ্রীণ রোড, ঢাকা।
১৩. মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।
১৪. সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
১৫. জনাব মোহাম্মদ তৌফিকুল ইসলাম, পরিচালক ও উপসচিব, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ৭২, গ্রীণ রোড, ঢাকা।
১৬. জনাব মোঃ রেজাউল করিম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক, Institutionalization of Integrated Water Resources Management (IWRM) Process in Compliance with Bangladesh Water Act, 2013, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ৭২, গ্রীণ রোড, ঢাকা।
১৭. সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিষদ সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইনসমূহের খসড়া ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।**

অনুলিপি:

সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-০৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জেলা, উপজেলা ও ইউনিয়ন সমন্বিত পানি ব্যবস্থাপনার লক্ষ্যে প্রস্তুতকৃত ৩ টি পৃথক গাইডলাইনের খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী

বাংলাদেশ পানি আইন, ২০১৩-এর অধীন প্রণীত 'বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮' এর ১৭ নম্বর বিধিতে জেলা, উপজেলা ও ইউনিয়ন সমন্বিত পানি ব্যবস্থাপনা নিশ্চতকরণের লক্ষ্যে সরকার কর্তৃক গাইডলাইন প্রণয়নের বিষয় উল্লেখ করা হয়েছে। এ প্রেক্ষিতে জেলা, উপজেলা ও ইউনিয়ন সমন্বিত পানি ব্যবস্থাপনার লক্ষ্যে প্রস্তুতকৃত ৩ টি পৃথক গাইডলাইনের খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব কবির বিন আনোয়ার-এঁর সভাপতিত্বে এ মন্ত্রণালয়ের সভাকক্ষে গত ১৭ এপ্রিল ২০১৯ তারিখ বেলা ১০.০০ টায় এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা **পরিশিষ্ট ক-তে** প্রদর্শিত।

০২। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ রেজাউল করিম প্রস্তুতকৃত খসড়া গাইডলাইন তিনটি Power point-এর মাধ্যমে উপস্থাপন করেন। তিনি জানান 'বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮' এর ১৭ নম্বর বিধিতে জেলা, উপজেলা ও ইউনিয়ন সমন্বিত পানি ব্যবস্থাপনা নিশ্চতকরণের লক্ষ্যে সরকার কর্তৃক গাইডলাইন প্রণয়নের বিষয়টি উল্লেখ করা হয়েছে। গাইড লাইন তিনটি প্রণয়ন করা হলে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে 'বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮' বাস্তবায়ন করা সহজ হবে।

০৩। আলোচনায় অংশ নিয়ে মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি এবং উপজেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটিতে যথাক্রমে জেলা ও উপজেলা মৎস্য কর্মকর্তাকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান। তদপ্রেক্ষিতে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ রেজাউল করিম জানান গাইড লাইন বাস্তবায়নে গঠিত কমিটিসমূহে সদস্য কো-অপ্ট করার সুযোগ রয়েছে। কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী প্রধান জনাব রথীন্দ্র নাথ ভূগর্ভস্থ পানি উত্তোলনের ক্ষেত্রে কৃষক পর্যায়ে ছাড়পত্র গ্রহণ বাধ্যতামূলক না করার বিষয়টি বিবেচনা করার অনুরোধ জানান।

০৪। যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর সদস্য জনাব কে,এম, আনোয়ার হোসেন গাইডলাইন তিনটি চূড়ান্তকরণের পূর্বে এর উপর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন।

০৫। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা
০১	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা জেলা, উপজেলা ও ইউনিয়ন সমন্বিত পানি ব্যবস্থাপনার লক্ষ্যে প্রস্তুতকৃত পৃথক তিনটি গাইডলাইনের খসড়া'র উপর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা/ প্রতিষ্ঠানের মতামত গ্রহণের লক্ষ্যে তা ওয়েব সাইটে প্রকাশ করবে।	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
০২	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা/ প্রতিষ্ঠান আগামী এক সপ্তাহের মধ্যে উক্ত গাইডলাইনসমূহের খসড়া'র উপর মতামত প্রদান করবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মতামত পাওয়া না গেলে মতামত নেই মর্মে গণ্য করা হবে।	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা/ বিভাগ/ প্রতিষ্ঠান
০৩	জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি এবং উপজেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটিতে যথাক্রমে জেলা ও উপজেলা মৎস্য কর্মকর্তাকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হবে।	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা /পানি সম্পদ মন্ত্রণালয়

০৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কবির বিন আনোয়ার)
সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়।